# বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া

# Bangabandhu society of Australia

Regd. No. Y 2650818, ABN 24 508 194 656, Charity reg. No. CFN 17511

৭ই মার্চ ২০০৮

## <u>এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম</u>

‘এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম ।’ ঐতিহাসিক ৭ই মার্চে এই মহান বানী উচ্চারিত করেছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান । কেপে উঠেছিলো সামরিক জান্তার ভিত । পাকিস্তানের সামরিক সরকারের শোষণ বঞ্চনা নিপীড়নের প্রতিবাদে ২৪ বছরের ধারাবাহিক সংগ্রামের শেষ পর্যায়ে বাঙালির জন্য একটি স্বাধীন রাষ্ট্রের স্থাপনার চুড়ান্ত ডাক দিয়েছিলেন তিনি । স্বাধীনতা সংগ্রামের দিনগুলোতে পুরো জাতি উম্মুখ হয়ে অপেক্ষা করছিল ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষন থেকে তাদের প্রাণপ্রিয় নেতার মুখ থেকে একটি দৃঢ় ও চুড়ান্ত দিকনির্দেশনার জন্য ।

বঙ্গবন্ধু সেদিন দৃপ্তকণ্ঠে ঘোষণা করেছিলেন, বাঙালির জাতীয় মুক্তির ঐতিহাসিক মহাকাব্যের সেই অমর বাণী ‘এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম ।’ বঙ্গবন্ধু তার ঐতিহাসিক ভাষণে সবাইকে নির্দেশ দিলেন, ‘যার যা কিছু আছে তাই নিয়ে প্রস্'ত থাকো । রক্ত যখন দিয়েছি রক্ত আরো দেবো, এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশালাহ ।’ ঘোষণা করলেন স্বাধীনতার রূপরেখা, সেখানে জাতীয় মুক্তির চূড়ান্ত ঘোষণাসহ আন্দোলনের কর্মপন্থা সুনির্দিষ্ট করে দিলেন বঙ্গবন্ধু । মূলত এদিন থেকেই মুক্তি সংগ্রামের প্রস্'তি শুর" হয় ।

স্বাধীন বাংলাদেশের মাটিতে ঘাতকের বুলেটের আঘাতে প্রাণ দিতে হয়েছে বঙ্গবন্ধুকে । বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন আজো পূরন হয়নি । আসুন ঐতিহাসিক এই দিনে আজ আমরা শপথ গ্রহণ করি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার । ঐতিহাসিক সাতই মার্চ হউক আমাদের চলার পথের প্রেরনা ।

জয় বাংলা! জয় বঙ্গবন্ধু!

**(মোহাম্মদ উসমান গনি)**
ভারপ্রাপ্ত সভাপতি

**(ড. রোনাল্ড পাত্র)**
সাধারন সম্পাদক